

আয়কর পেশাজীবী (আই.টি.পি) নিবন্ধন-২০১৭ এর লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি

আয়কর পেশাজীবী (আই.টি.পি) নিবন্ধন-২০১৭ এর লিখিত পরীক্ষা আগামী ১৫/০৯/২০১৭ ইং তারিখ (শুক্রবার) সকাল ৯ঃ০০-১২ঃ০০ ঘটিকায় নিম্নলিখিত তালিকায় বর্ণিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত পরীক্ষার্থীদের প্রবেশপত্র চলতি আগস্ট/২০১৭ মাসের শেষ নাগাদ তাদের বর্তমান ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রেরণ করা হবে। কোন পরীক্ষার্থী যথাসময়ে প্রবেশপত্র না পেলে পরীক্ষার ৪ (চার) দিন পূর্বে উপ-পরিচালক (প্রশাসন), বিসিএস (কর) একাডেমী, ৪৭, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ডুপ্লিকেট প্রবেশপত্র গ্রহণের জন্য প্রার্থীকে ২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজ ছবি এবং জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এর মূলকপি সঙ্গে আনতে হবে। প্রাথমিক বাছাইয়ে বাতিল আবেদনপত্রসমূহের তালিকা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (www.nbr.gov.bd) এ পাওয়া যাবে।

প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষার হলে মোবাইল ফোন, ট্যাব, ক্যালকুলেটরসহ কোন প্রকার ইলেকট্রনিক যন্ত্র সাথে রাখা যাবে না।

পরীক্ষার কেন্দ্রসমূহ ও আসন-বিন্যাস

ক্রমিক	কেন্দ্রের নাম	রোল নং
০১।	তেজগাঁও কলেজ, ঢাকা।	০০০১ হতে ৭৫০০
০২।	তেজগাঁও মহিলা কলেজ, ঢাকা।	৭৫০১ হতে ৮২০০
০৩।	বেগম বদরুন্নেসা কলেজ, ঢাকা।	৮২০১ হতে ১১৬০০
০৪।	ইডেন মহিলা কলেজ, ঢাকা।	১১৬০১ হতে ১৮৩০০
০৫।	গাইস্বয় অর্থনীতি কলেজ, ঢাকা।	১৮৩০১ হতে ২০১০০
০৬।	হাবিবুল্লাহ বাহার কলেজ, ঢাকা।	২০১০১ হতে ২২১৪১

বিস্তারিত আসন বিন্যাস পরীক্ষার দিন সকাল ৭ঃ৩০ ঘটিকায় প্রত্যেক কেন্দ্রের প্রধান ফটকে টাঙিয়ে দেয়া হবে। উল্লেখ্য, আয়কর পেশাজীবী (আই.টি.পি) নিবন্ধন-২০১৭ এর লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

স্বাঃ

(মোহাম্মাদ কামাল হোসেন)

দ্বিতীয় সচিব (জরীপ, কর ফাঁকি ও আই.টি.পি রেজিঃ)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।